গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা,
www.moha.gov.bd

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাভুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২টি বহুতল আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২০২৫-২৬ অর্থবছরের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (PSC) ১ম সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | মনজুর মোর্শেদ চৌধুরী<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ১০ মার্চ ২০২৬ |
| সভার সময় | বেলা ১২.৩০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**২। উপস্থাপনা**

২.১। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, বিষয়োক্ত প্রকল্পটি জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ মেয়াদে ৬৫১১.৬৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে এ প্রকল্পটির অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

**৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| প্রকল্প পরিচালক সভায় জানান, **"ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২টি বহুতল আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পটি ২৭ জুলাই ২০২৫ তারিখে একনেক সভায় অনুমোদিত হয় এবং ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়।**<br>**ঢাকার মিরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অভ্যন্তরে কর্মকর্তাদের জন্য ১২ তলা (১২৫০ বর্গফুটের ০৪ ইউনিট) বিশিষ্ট ০১টি এবং সদরঘাট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অভ্যন্তরে স্টাফদের জন্য ১২ তলা (৮০০ বর্গফুটের ০৪ ইউনিট) বিশিষ্ট ০১টি আবাসিক ভবন নির্মাণের সংস্থান রয়েছে। আবাসিক ভবনসমূহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারীদের দীর্ঘদিনের চাহিদার প্রেক্ষিতে আবাসিক সংকট নিরসনের জন্য গৃহীত হয়।**<br>প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানান, মিরপুর ফায়ার স্টেশনের অভ্যন্তরে নির্মিতব্য ভবনস্থলে বিদ্যমান পুরাতন জরাজীর্ণ ভবনটি কনডেম ঘোষণা করা হয়েছে। কনডেমকৃত ভবনটি নিলাম করার কার্যক্রম চলমান রয়েছে। প্রস্তাবিত ভবনের নক্সা ও ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে এবং ২৫ মার্চ ২০২৬ তারিখ টেন্ডার উন্মুক্ত করা হবে।<br>এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর জানান, মিরপুর ও সদরঘাট স্টেশনের অভ্যন্তরে কনডেমকৃত জরাজীর্ণ বিদ্যমান ভবনসমূহ নিলাম করার লক্ষ্যে কারিগরী রিপোর্ট অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব ০২টির অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে নিলাম করে অপসারণ করা হবে। স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সদরঘাট ভবন সম্পর্কিত কাগজপত্র সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগকে প্রদান করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তর সভাকে জানান, প্রয়োজনীয় তথ্য শীঘ্রই স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হবে।<br>কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানান, প্রকল্পটি নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্ত করতে হলে work plan এবং GANTT CHART অনুযায়ী কাজ করতে হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, work plan এবং GANTT CHART প্রণয়ন করে আগামী এপ্রিল ২০২৬ মাসের মধ্যে সংশ্লিষ্ট পরিকল্পনা সেক্টর ও মন্ত্রণালয়কে প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্প দলিল প্রণয়নের সময় ৭.৫% হারে ভ্যাট কর্তন করার বিষয় ছিল যা NBR এর সার্কুলার অনুযায়ী ১০% বিধায় প্রাথমিক প্রাক্কলন মিরপুরের ক্ষেত্রে Excecd করেছে।<br>অতিরিক্ত সচিব (অগ্নি) জানান, যেহেতু সরকারী আইন/সার্কুলার পরিবর্তনে এই বাড়তি ব্যয় এবং সরকারী খাতেই যাবে এটার বিষয় প্রকল্প অফিস মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সংস্থার নিকট পত্র দিলে সমাধান করা সম্ভব।<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, প্রকল্পের কাজ সঠিকভাবে সমাপ্ত করতে হলে work plan এবং GANTT CHART এর বিকল্প নেই। দ্রুত প্রণয়ন করে সে অনুযায়ী কাজ করার জন্য তিনি প্রকল্প সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়। | (ক) সদরঘাট এবং মিরপুরে বিদ্যমান ফায়ার স্টেশনের অভ্যন্তরে জরাজীর্ণ বিদ্যমান ভবনস্থলে নতুন নির্মিতব্য ভবন নির্মাণের উপযোগী করার লক্ষ্যে নিলাম প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সাইট ক্লিয়ারেন্সের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>(খ) প্রকল্পটি নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্ত করতে হলে work plan এবং GANTT CHART দ্রুত প্রণয়ন করতে হবে;<br><br>(গ) মিরপুর ও সদরঘাট ফায়ার স্টেশনের অভ্যন্তরে কনডেমকৃত জরাজীর্ণ বিদ্যমান ভবনসমূহ নিলাম করার লক্ষ্যে কারিগরী রিপোর্ট অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে নিলাম কার্যক্রম সম্পন্ন করে দ্রুত অপসারণ করতে হবে;<br><br>(ঘ) প্রকল্প পরিচালক ভ্যাট বৃদ্ধির বিষয়টি প্রমানকসহ মন্ত্রণালয়ে বা সংশ্লিষ্ট দপ্তরে পত্র লিখবে। এপ্রিলের ২০২৬ মাসের মধ্যে GANTT CHART গণপূর্ত অধিদপ্তরের সহযোগিতায় প্রস্তুত করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করবে। | প্রকল্প পরিচালক/গণপূর্ত অধিদপ্তর/স্বরাষ্ট্র মন্ত্রণালয় |

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

**সংযুক্তিঃ**

(১) ২টি বহুতল হাজিরা

১৮-০৩-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

তারিখ: ৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬৫.১৫.০০০৬.২৬.৪৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান (অতিরিক্ত সচিব), ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
২। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৯। অতিরিক্ত প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান স্থপতির দপ্তর (জোন-১), স্থাপত্য অধিদপ্তর।
১০। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। যুগ্মসচিব (প্রকল্প পরিচালক), "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২টি বহুতল আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্প ঢাকা।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ) এবং
১৩। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২৪-০৩-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
সহকারী সচিব